

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৮/০৩/২০২৫ খ্রি.

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইনে (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) প্রাথমিক আবেদন ফরমের প্রিন্টকপি সংগ্রহ করতে হবে। রাঙ্গামাটি সরকারি কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া গেল।


**শর্তাবলী:**

- ১। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ : আগামী ১৮/০৩/২০২৫ হতে ১০/০৪/২০২৫ খ্রি.
- ২। আবেদনের যোগ্যতা:-
  - (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
  - (খ) ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
  - (গ) উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র পঠিত বিষয়ে আবেদন করতে পারবে।
- ৩। প্রাথমিক আবেদনের জন্য করণীয়-
  - (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Masters Tab এ গিয়ে Apply Now অপশনে ক্লিক করে প্রদর্শিত সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
  - (খ) আবেদনকারীর নিজের পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।
  - (গ) ছবিসহ সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।
  - (ঘ) আবেদনকারীকে প্রিন্টকপি কলেজে জমা দেওয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।
- ৪। প্রাথমিক আবেদন ফি জমাদান:

শিক্ষার্থীকে আগামী ১৯/০৩/২০২৫ হতে ১৩/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> এ Login করে আবেদন ফি ৩০০/- (তিন শত) টাকা পরিশোধ করতে হবে।

**User Name:** rangamatistudent এবং **Password:** rangamatistudent

  - (ক) Apply for Application Form এর Select application group থেকে Admission Masters, NU Admission Roll, Student Name, Mobile Number এন্ট্রি দিয়ে Submit এ ক্লিক করতে হবে।
  - (খ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session এ 2022-2023 এন্ট্রি দিতে হবে এবং Class Roll/Admission Roll এ NU Admission Roll এন্ট্রি দিতে হবে। তারপর Connect Sonali Pay ক্লিক করতে হবে।
  - (গ) Sonali Payment Gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।
  - (ঘ) সর্বশেষ শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

  
(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

**বিতরণ:**

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান, ..... বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল।
- ৬। সংরক্ষণ নথি।